

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
রিজিওনাল প্লানিং
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭.১০৩

তারিখ: ১ আশ্বিন ১৪২৬

১৬ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: “বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ৭টি আঞ্চলিক কার্যালয় প্রতিষ্ঠাসহ সক্ষমতা বৃদ্ধিকরণ” প্রকল্পের আওতায় বি.পি.এস.সি. সচিবালয়ের খুলনা আঞ্চলিক কার্যালয় কমপ্লেক্স নির্মাণের লক্ষ্যে চিহ্নিত অকৃষি জমি অধিগ্রহণ/ব্যবহার এর জন্য ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের স্মারক নং- ৮০.০০.০০০০.০০০.১৪.০০১.১৯-১৪৭।

যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, দিঘলিয়া উপজেলার বয়রা মৌজায় বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের খুলনা আঞ্চলিক কার্যালয় কমপ্লেক্স (৩ তলা বিশিষ্ট) নির্মাণের লক্ষ্যে ০.৩৭৫ একর জমি স্থায়ীভাবে অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের ছাড়পত্রের জন্য আবেদন করেছেন। জমির তফশিল নিম্নরূপঃ

জেলা	থানা	মৌজা	জে এল নং	আর এস দাগ নম্বর	প্রস্তাবিত মোট জমির পরিমাণ
খুলনা	দিঘলিয়া	বয়রা	১০	১০১৪২ (পূর্ণ)	০.৩৭৫ একর

আবেদন পত্র প্রক্রিয়া করণের জন্য উক্ত এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদন থেকে দেখা যায় **Khulna Master Plan 2001** অনুযায়ী উক্ত এলাকাটি মিক্সড ইউজ জোন এলাকার অন্তর্ভুক্ত। খুলনা আঞ্চলিক কার্যালয় কমপ্লেক্স (৩ তলা বিশিষ্ট) প্রস্তাবিত জমির পশ্চিমে একটি ব্যক্তি মালিকানাধীন আবাসিক বসত বাড়ী পূর্বে খুলনা যশোর মহাসড়ক ও সড়ক সংলগ্ন খাদ্য অধিদপ্তর অফিস ও গোড়াউন রয়েছে এবং উত্তরে খুলনা বিভাগীয় জিপিও অফিসের কার্যালয়। প্রস্তাবিত জমিতে অস্থায়ী ও সেমি পাকা তিনটি ঘর রয়েছে এবং পূর্বাংশে একটি ডোবা রয়েছে।

এমতাবস্থায় প্রস্তাবিত এলাকাটি জনস্বার্থে ব্যবহার হবে বিধায় নিম্নলিখিত শর্ত সাপেক্ষে উক্ত জমি অধিগ্রহণে নগর উন্নয়ন অধিদপ্তরের কোনো আপত্তি নাইঃ

১. আলোচ্য প্রকল্পের কার্যক্রমের মাধ্যমে যাতে পারিপার্শ্বিক পরিবেশ (মাটি, পানি ও বায়ু) এর উপর কোন বিরূপ প্রভাব না পড়ে সেবিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২. উক্ত এলাকার ড্রেনেজের পানির স্বাভাবিক প্রবাহকে বাধাগ্রস্ত করা যাবে না।

উল্লেখ্য যে এই অনাপত্তিপত্র জমির মালিকানার স্বত্ব নির্দেশ করে না।

সংযুক্তিঃ

১. সার্ভে ম্যাপ।

২. সার্ভে রিপোর্ট।

৩. ডিটেইল্ড এরিয়া প্ল্যানের উপর এলাকা চিহ্নিত রঞ্জিন ম্যাপ।

৪. গুগল ম্যাপের উপর এলাকা চিহ্নিত ম্যাপ।

১৮-৯-২০১৯

কাজী মোঃ ফজলুল হক
সিনিয়র প্ল্যানার

জনাব মোঃ মুখলেছুর রহমান, উপপ্রধান
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও,
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭.১০৩/১(৬)

তারিখ: ১ আশ্বিন ১৪২৬
১৬ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি দপ্তরের ওয়েবসাইটে আপলোডের অনুরোধ সহ)।
- ৪) সিনিয়র প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর

Israt Jahan

১৮-৯-২০১৯

ইসরাত জাহান

প্ল্যানার